


যীশু এক অশুচি আত্মা কর্তৃক পীড়িত বালককে আরোগ্য করেছিলেন।

প্রার্থনা : “প্রিয় প্রভু, যীশুর কর্তৃত্ব ও অনুগ্রহ দ্বারা মন্দ আত্মার থেকে রক্ষার জন্য তোমার ওপর আস্থা রাখতে আমাদের শিশুদের সাহায্য কর।”

শিশুদের বয়স এবং প্রয়োজনের সঙ্গে মানানসই শিক্ষণ কার্যকলাপ পছন্দ করুন।

বড় ছেলে অথবা শিক্ষক : মার্ক ৯ঃ১৪-২৯ থেকে যীশু কিভাবে একটি বালককে সুস্থ করেছিলেন সেই বিষয়টি পাঠ করুন। এই বইটি প্রদর্শন করে শয়তানের শক্তির ওপর কিভাবে যীশুর সমস্ত শক্তি আছে।



গল্পটি পাঠ করার পর, এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন (প্রতিটি প্রশ্নের পর উত্তর দেওয়া আছে)

- যীশু যখন এসেছিলেন তখন শিষ্যরা কি করেছিলেন? (উত্তর : তারা প্রার্থনা না করে তর্ক করেছিলেন। (১৪ পদ দেখুন)
- বালকটি কিভাবে ভূত দ্বারা কষ্ট ভোগ করেছিল? (১৭, ১৮ এবং ১২ পদ)
- শয়তানের শক্তির বিরুদ্ধে দাড়ানোর জন্য আমাদের অবশ্যই কি করতে হবে? (বিশ্বাস করতে হবে, ২৩ পদ দেখুন)
- ঈশ্বরে বিশ্বাস করতে কে আমাদের সাহায্য করেন? (২৪ পদ দেখুন)
- কার শক্তিতে আমরা শয়তানের বিরুদ্ধে দাঁড়াতে পারি? (প্রার্থনায় ঈশ্বরের শক্তির মাধ্যমে। ২৯ পদ দেখুন)

যীশু একটি ভূতগ্রস্ত বালককে সুস্থ করেছিলেন সেই গল্পটির নাট্যরূপ দিন। প্রধান উপাসক মন্ডলীর নেতার সঙ্গে নাটকটি উপস্থাপনের ব্যবস্থা করুন। নাটকটি প্রস্তুতির জন্য শিশুদের সঙ্গে সময় দিন। আপনাকে এর সব অংশগুলো করার প্রয়োজন নেই। বড় শিশুদের ছোটদের প্রস্তুতিতে সাহায্য করতে দিন।

- বড় শিশুদের অথবা প্রাপ্তবয়স্কদের বর্ণনাকারী এবং পিতার ভূমিকায় অভিনয় করতে দিন। বর্ণনাকারী : গল্পটি সংক্ষিপ্ত করবেন এবং শিশুদের পাঠ মুখস্থ করতে ও অভিনয় করতে সাহায্য করবেন।

ছোট শিশুদের বালক, মা এবং ভাই, বোনদের ভূমিকায় অভিনয় করতে দিন।

বর্ণনাকারী : মার্ক ৯ঃ১৪-২১ শাস্ত্রাংশটি থেকে গল্পটির প্রথম অংশটি বলুন। তারপর বলুন, “শুনুন, পিতা কি বলছেন।”

পিতা : “আমার পরিবারে এক পুত্রের সঙ্গে আমি থাকি। তার দিকে দেখুন!”

বালক : “যীশু আমাকে সুস্থ করেছেন! আমার ইচ্ছা আপনি তার সঙ্গে সাক্ষাৎ করুন!”

মা : “স্বামী! এটা কি সত্যি? সেই শিশু থেকেই সে অশুচি আত্মা দ্বারা পীড়িত ছিল!”

ভাইবোনেরা : “আমাদের মনে পড়েছে, কি ভয়ঙ্কর ছিল।”

“তার মুখ থেকে গাঁজা উঠতো এবং সে মাটিতে পড়ে থাকতো।”

“কখন কখন সে আগুনে বা জলের মধ্যে পড়ে যেত।”

“সে প্রায় মারা গেছিল!”

“তার অবস্থা দেখে আমি কেঁদে ফেলতাম!”

পিতা : “কেউ তাকে সাহায্য করতে পারে নি। আমি যীশুর শিষ্যদের বলেছিলাম কিন্তু তারাও কিছু করতে পারে নি।”



বর্ণনাকারীঃ গল্পের দ্বিতীয় ভাগটি বলবেন, মার্ক ৯ঃ২৩-২৯ পদ। তারপর বলবেন, “শুনুন, পিতা কি বলছেন।”

পিতাঃ “আমি যীশুর কাছে সাহায্য চেয়েছিলাম, তিনি সাহায্য করেছিলেন।”

মাঃ “তাকে সুস্থ করার জন্য যীশু কি করেছিলেন?”

পিতাঃ “প্রথমে তিনি বলেছিলেন, যারা বিশ্বাস করে, তাদের জন্য সবকিছুই সম্ভব। কিন্তু আমার বিশ্বাস দুর্বল ছিল। সুতরাং আমি তাঁকে বলেছিলাম, আমাকে বিশ্বাস করতে সাহায্য করতে।”

বালকঃ “দিয়াবল আমাকে নিচে ছুঁড়ে ফেলে দিয়েছিল এবং ঝাঁকি দিয়েছিল। এরফলে আমি কুকুঁড়ে গেছিলাম। তারা বলেছিল, আমি মরে গেছি।”

মাঃ বালকটিকে আদর করবেন। তারপর বলবেন, “হায়, আমার দুর্ভাগা ছেলে!”

বালকঃ “যীশু দিয়াবলকে চলে যেতে এবং কখন ফিরে না আসতে বলেছিলেন। তিনি আমার হাত ধরে ওপরে তুলেছিলেন।”

মাঃ “ঈশ্বরের প্রশংসা হোক!”

বালকঃ “এখন আমি সহজভাবে কথা বলতে পারি!”

মাঃ “শিষ্যরা কেন তোমাকে সুস্থ করতে পারেন নি?”

পিতাঃ “যীশু বলেছিলেন যে তারা ঈশ্বরের শক্তির ওপর এবং প্রার্থনার ওপর বিশ্বাস করেন নি।”

ভাই ও বোনেরাঃ এই ধরনের কথা বলবেঃ “আমরাও যীশুতে বিশ্বাস করতে চাই।”

“আমরা তাঁকে বলতে চাই যে আমাদের বিশ্বাস শক্তিশালী কর।” “যে কোন মন্দ শক্তি অপেক্ষা যীশুর শক্তি অধিক।”

বর্ণনাকারী অথবা বড় শিশুঃ নাটকটি সমাপ্ত হওয়ার পর যারা সাহায্য করেছেন, তাদের ধন্যবাদ দিন।

শিশুরা যদি বড়দের জন্য নাটকটি উপস্থাপন করেন, তবে তাদেরকে ওপরের তালিকার প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দিন।

যীশু লোকদের কিভাবে শয়তানের শক্তি থেকে মুক্ত করেন, সেই বিষয়ে শিশুদের অন্যান্য উদাহরণ দিতে দিন।

এক ব্যক্তির প্রার্থনা করার ছবি আঁকুন। শিশুদের এটা সফল করতে বলুন।



- প্রত্যেকটি শিশুকে আরাধনার সময় বড়দের কাছে ছবিগুলো দেখাতে বলুন এবং ব্যাখ্যা করতে দিন যে যীশুর শক্তিতে কিভাবে আমরা শয়তানের বিরুদ্ধে দাঁড়াতে পারি।
- আপনি যদি মনে করেন, তবে শিশুদের ওপরের পতিত বালকের ছবিটি নকল করতে বা রঙ করতে দিন।
- বড় শিশুরা একটি কবর, সমাধি, কফিন অথবা মৃত্যুর প্রতীকের ছবি আঁকবে এবং ব্যাখ্যা করবে যে যীশু কেবলমাত্র শয়তানের ও অশুচি আত্মার ওপরেই বিজয়ী

হয়েছেন এমন নয়, তিনি মৃত্যুর ওপরেও বিজয়ী হয়েছেন।

যীশু কিভাবে শয়তানের কাছ থেকে আমাদের মুক্ত করেন সেই বিষয়ে বড় শিশুদের কবিতা, গান বা নাটক লিখতে দিন।

কবিতাঃ গীত সংহিতা ৩ঃ৩-৫ পদগুলো তিনজন শিশুর প্রত্যেককে একটি করে আবৃত্তি করতে দিন।

মুখস্থ পদঃ যাকোব ৪ঃ৭

প্রার্থনাঃ প্রিয় প্রভু, কেবলমাত্র তুমিই সর্বশক্তিমান। তুমি আমাদের শয়তানের শক্তি থেকে মুক্ত করেছ। কোন কিছুই আমাদের তোমার প্রেম থেকে দূরে রাখতে পারবে না। আমরা তোমাকে প্রেম করি। আমাদের বন্ধুদের কাছে তোমার বিষয় বলতে আমাদের সাহায্য কর।